


গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি আবু নাছের ভূঞা, জেলা প্রশাসক, নাটোর ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/৩০ কার্তিক ১৪৩০ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে ৫৯ নাটোর-২ (নাটোর সদর ও নলডাঙ্গা) নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করিতেছি :-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটিংয়ের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাগে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ৫৯ নাটোর-২ (নাটোর সদর ও নলডাঙ্গা) নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৪টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নাটোর সদর ও নলডাঙ্গা, নাটোর) মনোনয়নপত্র সংগ্রহপূর্বক দাখিল করা যাবে।


(আবু নাছের ভূঞা)
জেলা প্রশাসক, নাটোর

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪

৫৯ নাটোর-২

ফোন-০২৫৮৮৮৭৩৭৪১

dcnatore@mopa.gov.bd


তারিখ : ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

নম্বর-০৫.৪৩.৬৯০০.০০১.১৬.০৪৪.২৩. ৪৭৩

তারিখ : ১৫ নভেম্বর ২০২৩ খ্রি..

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। উপমহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী।
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৫। পুলিশ সুপার, নাটোর।
- ৬। জেলা নির্বাচন অফিসার, নাটোর।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, নাটোর সদর/নলডাঙ্গা, নাটোর।
- ৮। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, নাটোর।
- ৯। জেলা তথ্য অফিসার, নাটোর (বহল প্রচারের অনুরোধসহ)।
- ১০। উপজেলা নির্বাচন অফিসার, নাটোর সদর/নলডাঙ্গা, নাটোর।
- ১১। অফিসার-ইন-চার্জ, নাটোর সদর/নলডাঙ্গা থানা, নাটোর।
- ১২। নোটিশ বোর্ড।


জেলা প্রশাসক, নাটোর

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪

৫৯ নাটোর-২